


ডিওটি (DOT) থেকে আমি কি ধরনের অনুমতি পেতে পারি?



রাস্তা খোলার অনুমতি এবং সংরক্ষিত রাস্তাসমূহে রাস্তা খোলার অনুমতি

অনুমোদনের এই বিভাগটি সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য যেখানে DOT এর অনুমোদন প্রদানকারী কার্যালয় মনে করেন যে এর সাথে রাস্তার উপরিভাগ ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা আছে, এবং এতে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয় বিষয়গুলি হল, রাস্তা খনন, গর্ত করা, বা রাস্তায় অন্য কোনও কাজ যা রাস্তার উপরিভাগকে ক্ষতিগ্রস্ত করতে পারে। সাধারণভাবে সুরক্ষিত সড়ক সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে দেখুন <http://www.nyc.gov/html/dot/html/infrastructure/protectedst.shtml>

রাস্তা খোড়ার অনুমতি সাধারণতঃ সেসব ব্যক্তি বা কর্তৃপক্ষ নিয়ে থাকেন যাদের মাটির নীচের অবকাঠামোতে কাজ করার প্রয়োজন, এতে অন্তর্ভুক্ত আছে পরিষেবা প্রদানকারী কোম্পানি, ঠিকাদার (যেমন- নিবন্ধিত দক্ষ জলের পাইপের মিস্ত্রি মিস্ত্রি)। কিভাবে অনুমোদিত ব্যক্তি হিসেবে নিবন্ধিত হবেন সে সম্বন্ধে আরো জানতে অনুগ্রহ করে <http://streetworksmannual.nyc.gov/chapter-three/permittee-registration-process> দেখুন।

বিল্ডিং মেরামত/নির্মাণের কাজ চালানোর অনুমতি সমূহ

এ ধরনের অনুমতি নির্মাণ নির্মাণের কাজের জন্য প্রযোজ্য যা সড়কের মধ্যে এবং সাধারণতঃ রাস্তার নিকটবর্তী নির্মাণ কাজের সাথে সম্পর্কিত। সাধারণতঃ, এই বিভাগে অনুমোদনের জন্য আবেদন করার আগে নিউ ইয়র্ক সিটি পূর্ত দপ্তর (DOB) দ্বারা ইস্যু করা একটি বৈধ অনুমতিপত্রের প্রয়োজন। এই বিভাগের আওতাভুক্ত নির্মাণ-সংক্রান্ত কার্যকলাপে অন্তর্ভুক্ত কিছু বিষয় হল নির্মাণ সংক্রান্ত উপকরণ এবং সরঞ্জাম, অস্থায়ী বড় যন্ত্রপাতি রাস্তার পাশে বা ফুটপাথে রাখা (উদাহরণস্বরূপ, নির্মাণ সামগ্রী, ক্রেন, বুম ট্রাক, ব্লুপডি অথবা যানবাহন টানার গাড়ী, নির্মাণ কাজের কনটেইনার, নিরাপত্তা স্থাপনা, টুল কার্ট, নির্মাণ পার্কিং নীতিমালার চিহ্নসমূহ) অথবা রাস্তা বা ফুটপাথের উপর দিয়ে নির্মাণ উপকরণ স্থানান্তর। এই বিভাগে আরো রয়েছে রাস্তার উপরে স্থাপনের

কাজ (যেমন- ব্যানার এবং আলোকসজ্জার লাইট) এবং সড়কের উপর স্থায়ী স্থাপনা নির্মাণ (যেমন - সাইকেল রাখার জায়গা)।
বিল্ডিং তৈরি/নির্মাণের কাজ চালানোর অনুমতিসমূহ সাধারণতঃ সেসব ব্যক্তি বা কর্তৃপক্ষ নেন যারা নির্মাণ কর্মকান্ড পরিচালনা করেন, যাদের মধ্যে আছেন ডেভেলপার ও ঠিকাদারগণ।

ফুটপাথ নির্মাণের অনুমতিসমূহ

এ ধরনের অনুমতি ফুটপাথ মেরামত, ফুটপাথ প্রতিস্থাপন অথবা নতুন ফুটপাথ তৈরির জন্য প্রযোজ্য। ফুটপাথ নির্মাণের অনুমতিসমূহ সাধারণতঃ সেসব ব্যক্তি বা কর্তৃপক্ষ নেন যারা ফুটপাথ তৈরি করেন, এতে অন্তর্ভুক্ত আছেন ডেভেলপার ও ঠিকাদারগণ এবং ব্যক্তিগত বাড়ীর মালিক (ফুটপাথ মেরামত এবং কাজটি যদি শুধুমাত্র তাদের নিজেদের দ্বারা পরিচালিত হয়)।

শামিয়ানার সম্মতি ও অনুমোদন সমূহ

এ ধরনের অনুমতি ফুটপাথের উপর শামিয়ানা স্থাপনের জন্য সম্মতি ও অনুমোদন লাভের ক্ষেত্রে প্রযোজ্য। শামিয়ানার খুঁটি পোতার জন্য রাস্তায় গর্ত করার একটি এককালীন অনুমতি আবশ্যিক। শামিয়ানার অনুমতি সাধারণতঃ বাড়ীর মালিক, ব্যবসার মালিক এবং যিনি শামিয়ানা টাঙাচ্ছেন তাঁকে নিতে হবে।

রাস্তা ধারে আবর্জনা ফেলার পাত্র রাখার অনুমতিসমূহ

রাস্তা ধারে আবর্জনা ফেলার পাত্র রাখার অনুমতিসমূহ কোন একটি শহরের রাস্তার উপর অস্থায়ীভাবে পাত্র রাখার জন্য প্রয়োজন যা ঘরের আবর্জনা বা কোনও প্রকল্পের পুনর্গঠনের কাজে সঞ্চিত আবর্জনা ফেলার জন্য ব্যবহার করা হয়ে থাকে। এ ধরনের অনুমোদন দুইটি ক্ষেত্রে প্রয়োজনীয় নয়: (1) যখন নির্মাণ কাজের জন্য একটি পৃথক ডিওবি (DOB) অনুমোদন প্রয়োজন অথবা (2) যখন একটি ডিওটি (DOT) এর নির্মাণ কাজের জন্য অনুমোদন প্রয়োজন।

ভবন ভল্ট এবং ট্রান্সফরমার ভল্টের অনুমতি ও অনুমোদনসমূহ

বিল্ডিং ভল্ট হল রাস্তার নিচে যে কোন ধরনের খোলা যা সম্পত্তি রাখার বাইরে অবস্থান করে এবং উপরে ঢাকা থাকে। রাস্তার নিচে এ ধরনের খোলা জায়গা ব্যবহৃত হতে পারে, উদাহরণস্বরূপ স্টোরেজের জন্য। যাহোক, এই সংজ্ঞার চারটি ব্যতিক্রম রয়েছে: যদি খোলা জায়গা (1) বিশেষভাবে যে কোন ভবনের সেলার অথবা বেসমেন্টে প্রবেশ করতে ব্যবহৃত হলে; (2) প্রা মূলতঃখমিকভাবে আলো এবং বাতাস চলাচলে; (3) পরিষেবা প্রদানকারী কোম্পানী কর্তৃক তৈরি অথবা রক্ষণাবেক্ষণ করা হলে; অথবা (4) সাবওয়ে, রেলপথ এবং এসবের সাথে সম্পর্কিত কোন স্থাপনার অংশ হলে।

ট্রান্সফরমার ভল্ট হল মাটির নিচের একটি স্থাপনা বা কক্ষ যাতে বৈদ্যুতিক ট্রান্সফরমার এবং আনুষঙ্গিক (যা সংযোগী এবং সম্পর্কিত) যন্ত্রপাতি থাকে। ট্রান্সফরমার ভল্ট সাধারণত বৈদ্যুতিক পরিষেবা প্রদানকারী কোম্পানি কর্তৃক স্থাপিত, অধিকৃত এবং রক্ষণাবেক্ষণ করা হয়। বৈদ্যুতিক পরিষেবা প্রদানকারী কোম্পানির সাথে নগরের চুক্তি থাকে যা তাদের ট্রান্সফরমার ভল্টের জন্য নগরের সম্পদ দখল এবং ব্যবহার করার অনুমতি দেয়। যে কোন ভবন ভল্ট অথবা ট্রান্সফরমার ভল্টের নির্মাণ, পরিবর্তন অথবা মেরামতের জন্য এনওয়াইসি ডিওটি (NYC DOT)-এর অনুমতির প্রয়োজন হয়। অধিকাংশ ভল্ট সম্পর্কিত কাজের জন্য ডিওবি (DOB) এর নিকট হতে পরিকল্পনা সম্মতি এবং অনুমোদন প্রয়োজন হয়। কিছু ক্ষেত্রে, ল্যান্ডমার্ক সংরক্ষণ কর্তৃপক্ষ (যদি ভল্টটি একটি ঐতিহাসিক জায়গায় অবস্থিত হয়) অথবা মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (MTA) থেকে (যদি ভল্টটি কোন সাবওয়ে অথবা টানেলের প্রবেশমুখে অবস্থিত হয়) অনুমোদন প্রয়োজন হয়। নতুন ভবন ভল্ট তৈরি করতে অথবা বিদ্যমান বিল্ডিং ভল্ট সম্প্রসারণ করতে এনওয়াইসি ডিওটি (NYC DOT) এর অনুমোদন (বিল্ডিং), ছাড় ও বাতিলযোগ্য অনুমতি প্রদানের অফিস কর্তৃক একটি ভল্ট লাইসেন্সের প্রয়োজন হয়।

ডিওটি (DOT)-এর অনুমতির জন্য প্রয়োজনীয় শর্তাবলী পাওয়া যাবে
ডিওটি (DOT) -এর *হাইওয়ে আইন* এই ঠিকানায়

www.nyc.gov/html/dot/downloads/pdf/hwyrules.pdf

আরো তথ্যের জন্য পরিদর্শন করুন:

www.streetworksmanual.nyc/